

# Times Today BD

সিনিয়র রিপোর্টার | দেশজুড়ে | 27 May, 2025

ফ্যাসিস্ট আওয়ামী লীগের সাবেক এমপি ও কণ্ঠশিল্পী মমতাজ বেগমকে বহনকারী প্রিজনভ্যানকে লক্ষ্য করে ডিম নিক্ষেপ করেছে ক্ষুব্ধ জনতা। মঙ্গলবার বেলা সাড়ে এগারোটার দিকে মানিকগঞ্জ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত থেকে হাজিরা শেষে গাড়িতে তোলার সময় এই ঘটনা ঘটে।

এর আগে সকাল সাড়ে আটটার দিকে কেন্দ্রীয় কাশিমপুর কারাগার থেকে তাকে মানিকগঞ্জ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে নিয়ে আসা হয়। আদালত চত্বরে অনাকাঙ্ক্ষিত কোনো পরিস্থিতি এড়াতে আদালতে কঠোর নিরাপত্তা ব্যবস্থা নেয়া হয়।

হরিরামপুর থানায় জিজ্ঞাসাবাদ শেষে মমতাজ বেগমকে সিংগাইর থানায় চার দিনের জন্য রিমান্ডে নেওয়া হবে।

সিংগাইরে ফোর মাডারসহ দুটি মামলার নিয়মিত হাজিরা দিতে কেন্দ্রীয় কাশিমপুর কারাগার থেকে মানিকগঞ্জ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে তোলা হয় মানিকগঞ্জ-২ আসনের সাবেক সংসদ সদস্য মমতাজকে।

সিংগাইর থানায় দায়ের করা একটি হত্যা মামলায় নিয়মিত হাজিরা হিসেবে মমতাজকে মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট সাদবীর ইয়াছির আহসান চৌধুরীর আদালতে তোলা হয়। বিচারক মমতাজ বেগমের জামিনা না মঞ্জুর করেন।

কোর্ট ইম্পেট্টর মো. আবুল খায়ের জানান, নিয়মিত হাজিরা হিসেবে মমতাজ বেগমকে আদালতে তোলা হয়েছে। হাজিরা শেষে হরিরামপুরে ভাঙচুর ও মারামারি মামলায় দুই দিনের রিমান্ড ও সিংগাইরে ফোর মাডার মামলায় চার দিনের রিমান্ড থাকায় তাকে প্রথমে দুই দিনের জিজ্ঞাসাবাদের জন্য হরিরামপুর থানায় নেওয়া হবে।

হরিরামপুর থানায় জিজ্ঞাসাবাদ শেষে মমতাজ বেগমকে সিংগাইর থানায় চার দিনের জন্য রিমান্ডে নেওয়া হবে।

আওয়ামী লীগ মমতাজ বেগম চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট